

# অবসর সুবিধা বোর্ডের অনলাইন আবেদনের সার্ভার সাময়িক বন্ধ



ছবি: সংগৃহীত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৪ মে ২০২৫ | ১৯:০৯



কারিগরি ত্রুটির কারণে এমপিওভুক্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের এককালীন অবসর সুবিধার অনলাইন আবেদনের সার্ভার সাময়িকভাবে বন্ধ রয়েছে। এতে করে আবেদন করতে গিয়ে সারাদেশের অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীরা ভোগান্তির মুখে পড়েছেন।

বেসরকারি শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সফটওয়্যারের কারিগরি ত্রুটির কারণে উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের কাজ চলমান রয়েছে। এই কারণে স্বল্প সময়ের জন্য সার্ভার ডাউন রাখা হয়েছে। সাময়িক অসুবিধার জন্য দুঃখ প্রকাশ করেছে বোর্ড।

বোর্ডের কর্মকর্তারা জানিয়েছেন, সমস্যা সমাধানের কাজ চলছে। দ্রুততম সময়ের মধ্যেই সার্ভার স্বাভাবিক হয়ে যাবে। এরপর অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীরা পুনরায় আবেদন করতে পারবেন।